

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ২৪ এপ্রিল, ২০১৪/ ১১ বৈশাখ, ১৪২১

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪- ৮৪ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় পর্যটন পরিষদ নিম্নরূপভাবে গঠন করেছেঃ

(ক) জাতীয় পর্যটন পরিষদের গঠনঃ

- | | |
|---|--------------|
| (১) প্রধানমন্ত্রী | - সভাপতি |
| (২) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | - সদস্য |
| (৩) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | - সদস্য |
| (৪) মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | - সদস্য |
| (৫) মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয় | - সদস্য |
| (৬) মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | - সদস্য |
| (৭) মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (৮) মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | - সদস্য |
| (৯) প্রতিমন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (১০) প্রতিমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | - সদস্য |
| (১১) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | - সদস্য-সচিব |

(খ) পরিষদের কার্যপরিধিঃ


- (১) পর্যটন উন্নয়ন সংক্রান্ত জাতীয় ও আঞ্চলিক পরিকল্পনাসমূহের নীতিগত অনুমোদন;
- (২) জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে প্রচার ও বিপণনের মাধ্যমে বাংলাদেশের ভাবমূর্তি উন্নীতকরণ;
- (৩) গুরুত্বপূর্ণ পর্যটন স্থানসমূহে যাতায়াতের জন্য যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ;
- (৪) পর্যটন সংক্রান্ত আইন প্রয়োগ এবং অন্যান্য প্রশাসনিক ব্যবস্থা ও পদক্ষেপ গ্রহণে নীতিগত সিদ্ধান্ত প্রদান;
- (৫) বেসরকারি খাতের জন্য আর্থিক সুবিধাদি প্রদানের জন্য পদক্ষেপ গ্রহণ; এবং
- (৬) পর্যটন উপদেষ্টা কমিটির সুপারিশসমূহের পর্যালোচনা ও প্রয়োজনীয় ক্ষেত্রে অনুমোদন প্রদান।

২। অনধিক প্রতি ছয় মাস অন্তর 'জাতীয় পর্যটন পরিষদ'-এর সভা অনুষ্ঠিত হবে।

৩। এ সভার সিদ্ধান্ত বাধ্যতামূলক হবে এবং সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় এসব সিদ্ধান্ত বাস্তবায়ন করবে।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ নূরুল করিম)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোনঃ ৯৫১১০৩৬

উপপরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে ২০০ (দুইশত)


কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হল]

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৮৪

তারিখ..... ১১ বৈশাখ, ১৪২১
২৪ এপ্রিল, ২০১৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/ সচিবমন্ত্রণালয়/বিভাগ।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৪। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ।
মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫। উপসচিব, আইসিটি, মন্ত্রিপরিষদ বিভাগ। (প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৬। মন্ত্রিপরিষদ সচিব-এর একান্ত সচিব। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।


২৪/৪/২০১৪
(মোঃ জয়নাল আবেদীন)
সহকারী সচিব
ফোন : ৯৫১১০৮১